DIRECTORS' REPORT
পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রহমানির রাহিম,

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আস্‌সালামু-আলাইকুম ওয়া রহমাতুল্লাহ।

কোম্পানির পরিচালকমন্ডলীর পক্ষ থেকে ২০২৩-২০২৪ইং অর্থ-বছরের বার্ষিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকবৃন্দের প্রতিবেদন আপনাদের সদয় বিবেচনা এবং অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

১.০ শিল্প দৃষ্টিভঙ্গি ও কোম্পানির বিষয়াদির অবস্থা

১.১ পরিচিতিঃ

১৯৮১ইং সালে গাজীপুরস্থ কালিয়াকৈর থানার চন্দ্রায় কোম্পানিটি স্থাপিত হয় এবং ১৯৮৪ সালের জুলাই থেকে এর বানিজ্যিক উৎপাদন শুরু হয়। কোম্পানিটি শুধুমাত্র ইউ.এস.পি টাইপ-১ (USP Type-1) নিউট্রাল গ্লাস এ্যাম্পুল (Neutral Glass Ampoule) উৎপাদন করে দেশীয় ও বহুজাতিক ঔষধ কোম্পানিগুলোতে অত্যান্ত সুনামের সাথে সরবরাহ করে আসছে। কারখানাটি মোট ৩৬.০০ শতাংশ জমির উপরে নির্মিত ১৯,৮০০ বর্গফুট দোতলা ভবন যা এ্যাম্পুল উৎপাদন, গুদাম ও সংশ্লিষ্ট কাজে ব্যবহৃত হচ্ছে।

১.২ মানব সম্পদঃ

কোম্পানিতে বর্তমানে কর্মকর্তা, কর্মচারী ও স্থায়ী-অস্থায়ী শ্রমিকসহ সর্বমোট ১০২ জন নিয়োজিত আছেন। প্রতিষ্ঠানের সকল পর্যায়ের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণের মধ্যে সুসম্পর্ক সর্বদা বিরাজমান । বাস্তব অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে এ জনবল দিনে দিনে একটি শক্তিশালী মানব সম্পদে পরিণত হয়েছে।

১.৩ উৎপাদন, বিক্রয় ও লাভ-ক্ষতিঃ

সারা বিশ্বের মত এদেশেও এ্যাম্পুলের চাহিদা ক্রমশ বেড়েই চলেছে। কোম্পানি প্রতিষ্ঠিত হওয়ার পর সাম্প্রতিক বছরগুলোতে (২০২২-২০২৩ অর্থ-বছর ব্যতীত) প্রতি বছর উন্নতি করে আসছে। গত ২০২২-২০২৩ অর্থ-বছরে অর্থনৈতিক মন্দা, বৈদেশিক মুদ্রার অভাব, গ্যাস, বিদ্যুৎ, জ্বালানী সংকট, এবং এ্যাম্পুলের বিক্রয় মূল্য অপরিবর্তীত থাকার কারণে লোকশানের শিকার হতে হয়েছিল। জুলাই ২০২৩ থেকে এ্যাম্পুলের বিক্রয় মূল্য বৃদ্ধি করা হয়। ২০২৩-২০২৪ অর্থ-বছরে এ্যাম্পুলের চাহিদা বৃদ্ধি পাওয়ার কারণে নিজস্ব উৎপাদনের সর্বোচ্চ ক্ষমতা প্রয়োগ করার পরেও চাহিদা অনুযায়ী এ্যাম্পুল সরবারহ করা যাচ্ছিল না। তাছাড়া আমাদের বর্তমান কারখানায় নতুন মেশিন স্থাপন করার জায়গা পর্যাপ্ত না থাকায় মেশিন আমদানি করা সম্ভব হয়নি। তাই ১লা অক্টবর ২০২৩ থেকে একটি প্রাইভেট কোম্পানির সাথে চুক্তিভিত্তিক উৎপাদনের ব্যবস্থা করা হলে ফলাফল বেশ সন্তোষজনক স্থলে পৌঁছায়। এতে করে আলোচ্য অর্থ-বছরে মোট উৎপাদন, বিক্রয়, এবং করপূর্বক নীট লাভ গত অর্থ-বছরের তুলনায় অনেক বেশী হয়েছে, আলহামদুলিল্লাহ।

গত ২০২২-২০২৩ অর্থ-বছরে উৎপাদন ছিল ১,৪৬০.৫৯ লক্ষ পিস এ্যাম্পুল, নীট বিক্রয় হয়েছিল ৩,০৮৪.৯৪ লক্ষ টাকা, এবং করপূর্বক নীট লাভ হয়েছিল ১০২.৯৭ লক্ষ টাকা। আলোচ্য ২০২৩-২০২৪ অর্থ-বছরে উৎপাদন হয়েছে ১,৬৮০.৭৯ লক্ষ পিস এ্যাম্পুল, নীট বিক্রয় হয়েছে ৪,২১২.৩৪ লক্ষ টাকা এবং করপূর্বক নীট লাভ হয়েছে ৮৪৫.৬৫ লক্ষ টাকা, যা গত অর্থ-বছরের তুলনায় যথাক্রমে ১৫.০৮%, ৩৬.৫৫% এবং ৭২১.২৬% বেশী। এর কারণ অনুচ্ছেদ (২.১)-এ ব্যাখ্যা করা হয়েছে। আবার আলোচ্য অর্থ-বছরের ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল-জুন) বিদ্যুৎ ও গ্যাস সরবরাহের সংকট গত অর্থ-বছরের মতই তীব্র হওয়ায় বিক্রয় ও লাভ প্রত্যাশা অনুযায়ী হয়নি। আমাদের এ্যাম্পুল ফর্মিং মেশিনগুলোর মধ্যে তিনটি অতি পুরাতন, তাই এগুলোর রক্ষনাবেক্ষন/খুচরা যন্ত্রাংশের খরচ দিন দিন বৃদ্ধি পাওয়ায় একদিকে যেমন খরচ বেড়েছে, অন্যদিকে তেমনী লভ্যাংশও কমছে। এছাড়া উক্ত মেশিনের ৩টি ওভেন প্রায় ব্যবহারের অনুপযোগী হওয়ায় ইউরোপ হতে একটি ওভেন আমদানী করা হয়েছে এবং স্থানীয় একটি কোম্পানি হতে দুটি ওভেন ক্রয় করা হয়েছে, যার ফলে অপচয় হ্রাস পেয়েছে। আমরা সকলেই আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছি যাতে অগামীতে কোম্পানির অবস্থা আরো উন্নতি করতে সক্ষম হই। এ ব্যাপারে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

১.৪ পন্যভিত্তিক পারফর্মেন্সঃ

কোম্পানির উৎপাদিত মূল পণ্য শুধুমাত্র একটিই, তা হলো নিউট্রাল গ্লাস এ্যাম্পুল। এর ভিতরে সাইজ ভিত্তিক রয়েছে মুলত ৭(সাত) প্রকার - ১এম.এল, ২এম.এল, ৩এম.এল, ৫এম.এল, ১০এম.এল, ২০এম.এল, এবং ২৫এম.এল। গ্লাসের বাহ্যিক রঙ ২(দুই) প্রকার - এ্যাম্বার এবং ক্লিয়ার। প্রতি বছর সাইজভিত্তিক বা গ্লাসের বাহ্যিক রঙ ভিত্তিক চাহিদা এবং উৎপাদন মূলত নির্ভর করে ক্রেতা কোম্পানিগুলোর ইঞ্জেকশন ঔষধের চাহিদার উপর। যার কারণে কোন এক বছরের এ্যাম্পুলের রঙ/সাইজ অন্য বছরের সাথে অসামঞ্জস্যপূর্ণ। সুতরাং, গত বছরের সাথে তুলনামূলক পারফর্মেন্স বিশ্লেষণ করা অনাবশ্যক।

২.০ আর্থিক ফলাফল

গত ৭ (সাত) বছরের তুলনামূলক আর্থিক ফলাফল নিম্নে প্রদত্ত হলোঃ

Sl.	Particulars	2017-18	2018-19	2019-20	2020-21	2021-22	2022-23	2023-24
1	Production (in lac pcs.)	1,123.67	1,232.34	1,234.80	1,250.02	1,464.16	1,460.59	1,680.79
2	Net Sales (Tk. in lac)	2,349.93	2,490.55	2,695.69	2,802.92	3,230.48	3,084.94	4,212.34
3	Cost of Goods Sold (COGS) (Tk. in lac)	1,435.99	1,508.51	1,627.17	1,741.40	2,189.30	2,564.70	2,911.03
4	COGS Percentage on Sales (%)	61.11%	60.57%	60.36%	62.13%	67.77%	83.14%	69.11%
5	Gross Profit (Tk. in lac)	913.94	982.04	1,068.52	1,061.53	1,041.18	520.24	1,301.31
6	Gross Profit Margin (%)	38.89%	39.43%	39.64%	37.87%	32.23%	16.86%	30.89%
7	Net Profit/(Loss) before Tax (Tk. in lac)	626.79	644.14	699.66	653.55	535.44	102.97	845.65
8	Net Profit/(Loss) Margin before Tax (%)	26.67%	25.86%	25.95%	23.32%	16.57%	3.34%	20.08%
9	Net Profit after Tax (Tk. in lac)	470.10	483.11	524.75	502.59	347.64	(63.83)	611.86
10	Income Tax (Tk. in lac)	156.70	161.04	174.91	147.05	187.79	166.79	233.78
11	Value Added Tax (VAT) (Tk. in lac)	367.79	386.63	417.02	433.55	495.32	470.42	639.66
12	Earnings Per Share (EPS) (Tk.)	15.07	15.48	16.82	16.11	11.14	(2.05)	19.61
13	Reserve & Surplus Fund (Tk. in lac)	1,585.27	1,905.76	2,263.56	2,597.82	2,771.52	2,535.78	3,116.45
14	Fixed Assets (W.D.Value) (Tk. in lac)	862.79	788.30	741.19	753.97	722.75	668.60	601.22
15	Current Assets : Current Liabilities	1 : 0.40	1 : 0.31	1 : 0.24	1 : 0.19	1 : 0.23	1 : 0.31	1 : 0.33
16	NAV Per Share (Tk.)	60.81	71.08	82.54	93.26	98.83	91.28	109.89
17	NOCF Per Share (Tk.)	12.51	8.05	13.04	10.07	10.85	2.33	7.30
18	Dividend (%) [C=Cash; S=Stock]	50%C	50%C	50%C	50%C	50%C	10%C	25%C
19	Dividend Payout (Tk. in lac)	156.00	156.00	156.00	156.00	156.00	31.20	78.00
20	Share Price as on June 30 of FY (Tk.)	688.60	607.60	408.10	397.90	815.00	790.70	668.50

২.১ Explanation on Significant Deviation from Last Year's Financial Results:

Despite last year's severe economic downturns, power and energy crisis, a sharp foreign currency crisis, high inflation, unchanged selling price of ampoules, and forced additional VAT payment of Tk.21.47 Lac, a Net Profit before Tax of Tk.102.97 Lac was achieved in the 2022-2023 financial year. However, as a publicly listed company that should be paying corporate tax at a maximum rate of 22.50%, a withholding tax (TDS) of 162.48% on pre-tax profits was imposed based on Minimum Tax-ITA-2023, Section 163(2) [previously Minimum Tax-ITO-1984, Section 82C(2)]. This withholding tax is non-refundable. Consequence is that net loss after tax of Tk.63.82 Lac was incurred in the last financial year.

So in this financial year 2023-2024, there has been a significant positive deviation from last year's financial results mostly due to the fact that an increase of selling price of ampoules from July 2023 and a toll manufacturing agreement was executed with a private company from October 2023. The increased sale price, the toll production, coupled with raw material cost minimization efforts, greatly reduced overhead costs per unit and contributed positively to production, sales, and profit margin compared to the last year.

২.২ Explanation on any Significant Variance between Quarterly and Annual Financial Performances:

It can be stated that there was no significant variance between the quarterly and annual financial performances for the FY 2023-24. This is because the trajectory of the financial performances in the 1st quarter of FY 2023-24 gave the initial impression that the profitability, position, and cash flows of the Company would be very much favorable at the end of the reporting year. The Net Sales, EPS, and NOCFPS increased by a huge margin compared to previous year's 1st quarter and continued till 3rd quarter. However, during the 4th quarter (April-June) of FY 2023-24, the net sales and profit were not as much as expected since the factory was closed for a total of 2~3 weeks due to two separate long Eid vacations and also the gas and electricity crises were back again hampering production.

৩.০ পরিচালকগণের অবসর গ্রহণ ও পুনঃনিয়োগ

কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশনের ১৩৫ অনুচ্ছেদ অনুযায়ী চক্রানুক্রমে পরিচালকমন্ডলী হতে মিসেস শাহীনূর বেবী এবং মিসেস শাহীনূর বেগম এবছর অবসর গ্রহণ করেছেন। তাঁরা পুনঃনিয়োগের যোগ্য হওয়ায় নিয়োগ প্রাপ্তির জন্য আগ্রহ প্রকাশ করেছেন।

৪.০ ব্যবস্থাপনা পরিচালকের পুনঃনিয়োগ

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সুযোগ্য ব্যাবস্থাপনার কারণে কোম্পানি উত্তরোত্তর সমৃদ্ধি অর্জন করে বর্তমান অবস্থায় আসতে সক্ষম হয়েছে। তিনি দৃঢ় বিশ্বাস করেন যে, আগামী অর্থ বছরে কোম্পানিকে আরও ভালো লাভজনক প্রতিষ্ঠানে উন্নতি করতে সক্ষম হবেন, ইনশাআল্লাহ্। কোম্পানি আইনের-১১০ ধারা মোতাবেক তাঁর মেয়াদ উত্তীর্ন হওয়ায় তিনি পুনঃনিয়োগ লাভের সম্মতি প্রকাশ করেছেন বিধায় পরিচালনা পর্ষদ তাঁকে আগামী ৫(পাঁচ) বছরের জন্য নিয়োগ করার সুপারিশ করেছেন।

৫.০ কোম্পানির নিরীক্ষা ব্যবস্থা

কোম্পানির নিরীক্ষা কমিটির চেয়ারম্যান - জনাব মোঃ মোমিনুল হক ঢালী, স্বতন্ত্র পরিচালক, এবং হেড অফ ইন্টারনাল অডিট এন্ড কমপ্লায়েন্স - জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী একাউন্টস্ ব্যবস্থাপক, তাঁরা নিরিক্ষা কমিটির ও অভ্যন্তরীণ নিরীক্ষার কার্যকলাপ, দায়িত্ব ও কর্তব্য অত্যন্ত দক্ষতার সাথে পালন করে আসছেন। আলোচ্য ২০২৩-২০২৪ইং অর্থবছরে উক্ত কমিটির কোন বিরূপ প্রতিবেদন ছিল না, যা অডিট কমিটির চেয়ারম্যান মহোদয়ের প্রতিবেদনে (Annexure-VII) সন্নিবেশিত করা হয়েছে।

৬.০ পরিচালকমন্ডলীর পারিশ্রমিক/সম্মানী ও বোর্ড মিটিং

কোম্পানির গত ৪১তম বার্ষিক সাধারণ সভায় ০১-০৭-২০২২ইং তারিখ থেকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মাসিক পারিশ্রমিক ৭,০০,০০০/- টাকাসহ অন্যান্য সুযোগ সুবিধা সময়োপযোগী করার জন্য বোর্ড সুপারিশ করেছিলেন, এছাড়া চেয়ারম্যান মহোদয়কে ২,০০,০০০/- টাকা এবং দুই ডাইরেক্টর মহোদয়কে ৮০,০০০/- টাকা করে মাসিক সম্মানী প্রদানের জন্য বোর্ড সুপারিশ করেছিলেন, যার পক্ষে শেয়ারহোল্ডারগনের অধিকাংশ ভোট দ্বারা অনুমোদিত হয়েছিল। বর্তমানে ৪৩তম বার্ষিক সাধারণ সভায়, দেশের সার্বিক অবস্থা, কোম্পানির লাভজনকতা, এবং অন্যান্য সকল লাভজনক কোম্পানির দেয়া পারিশ্রমিক বিবেচনা করে, ০১-০৭-২০২৪ইং তারিখ থেকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের মাসিক পারিশ্রমিক ৫০,০০০/- টাকা বাড়িয়ে ৭,৫০,০০০/- টাকাসহ অন্যান্য সুযোগ সুবিধা সময়োপযোগী করার জন্য বোর্ড সুপারিশ করেছেন। এছাড়া ০১-০৭-২০২৪ইং তারিখ থেকে চেয়ারম্যান মহোদয়কে ২৫,০০০/- টাকা বাড়িয়ে ২,২৫,০০০/- টাকা এবং দুই ডাইরেক্টর মহোদয়কে ১০,০০০/- টাকা বাড়িয়ে ৯০,০০০/- টাকা করে মাসিক সম্মানী প্রদানের জন্য বোর্ড সুপারিশ করেছেন। আলোচ্য অর্থবছরে পরিচালনা পর্ষদের সার্বিক পারিশ্রমিক/সম্মানী এবং এক্সিকিউটিভগনের বেতনাদি স্টেটমেন্ট নোট নং ২৫.০০ এবং বোর্ড মিটিং-এর সংখ্যা, উপস্থিতি ও ফি নোট নং ২৬.০০-এ সন্নিবেশিত করা হয়েছে।

৭.০ লভ্যাংশ (ডিভিডেন্ড) ঘোষনা

২০২৩-২০২৪ইং অর্থবছরে কর পুর্ববর্তী ৮৪৫.৬৫ লক্ষ টাকা নীট মুনাফা অর্জিত হয়েছে। কর পরবর্তী ৬১১.৮৬ লক্ষ টাকা মুনাফা থেকে পরিচালনা পর্ষদ অনেক বিচার-বিশ্লেষণ করে ৭৮.০০ লক্ষ টাকা, অর্থাৎ শেয়ার প্রতি ২৫% হারে নগদ লভ্যাংশ সুপারিশ করেছেন। গত ২৪শে জুন, ২০২৪ইং তারিখে অনুষ্ঠিত ই,জি,এম-এ BMRE এর জন্য সাধারণ শেয়ারহোল্ডারগণ ১০৩ শতাংশ জমি ক্রয়ের অনুমোদন দিয়েছিলেন। সেই জমি ক্রয় করা, নুতন এ্যাম্পুল মেশিন লাইন আমদানি করা, এবং নুতন কারখানা নির্মানের কাজে অর্থ ব্যয় করার লক্ষ্যে অবশিষ্ট (৬১১.৮৬-৭৮.০০) = ৫৩৩.৮৬ লক্ষ টাকা রেখে দিয়েছেন, যা উক্ত কর্ম-পরিকল্পনার কাজে ব্যবহার করা হবে।

৮.০ সংবিধিবদ্ধ নিরীক্ষক (স্ট্যাটুটরি অডিটর) নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ

শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, ২৯২, ইনার সার্কুলার রোড, ফকিরাপুল, মতিঝিল, ঢাকা, আলোচ্য বছরসহ ধারাবাহিকভাবে তিন বছর নিরীক্ষক ছিলেন। আইনানুযায়ী তাঁরা পরবর্তী অর্থবছর অর্থাৎ ২০২৪-২০২৫ইং অর্থবছরের জন্য নিয়োগ প্রাপ্তির যোগ্য নয় বিধায় কাজী জহির খান এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস, ৮৭, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০, নিরীক্ষক হিসেবে নিয়োগ লাভের ইচ্ছা প্রকাশ করায় পরিচালনা পর্ষদ তাঁদের পারিশ্রমিক বার্ষিক ১,৬০,০০০/- টাকা নির্ধারণপূর্বক ২০২৪-২০২৫ইং অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগের সুপারিশ করেছেন।

৯.০ প্রতিপালন নিরীক্ষক (কমপ্লায়েন্স অডিটর) নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ

কর্পোরেট গভার্নেন্স এর শর্ত প্রতিপালনের জন্য শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস, শতাব্দী সেন্টার (৬ষ্ঠ এবং ৮ম তলা), ২৯২, ইনার সার্কুলার রোড, ফকিরাপুল, মতিঝিল, ঢাকা, কমপ্লায়েন্স অডিটর হিসেবে নিয়োগ লাভের ইচ্ছা প্রকাশ করায় পরিচালনা পর্ষদ তাঁদের পারিশ্রমিক বার্ষিক ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা নির্ধারণপূর্বক ২০২৪-২০২৫ইং অর্থ বছরের জন্য প্রতিপালন নিরীক্ষক নিয়োগের সুপারিশ করেছেন।

১০.০ রিলেটেড পার্টি ট্রাঞ্জেকশন

ফার্মা এইডস লিঃ এক্সেলসিয়র গ্রুপের একটি অঙ্গ প্রতিষ্ঠান। এই গ্রুপের সংশ্লিষ্ট কোম্পানির সাথে লেনদেনের হিসাব নোট নং ৩৮.০০-এ সন্নিবেশিত করা হয়েছে। লেনদেনগুলো arm's length basis-এ বেশ সীমিত আকারে করা হয় বিধায় কোম্পানিকে কোনো আর্থিক প্রতিকূলতার সম্মুখীন হতে হয়না। কোম্পানির অডিট কমিটি এই লেনদেনগুলো প্রতিনিয়ত পর্যবেক্ষন করছেন।

১১.০ অভ্যন্তরীণ এবং বাহ্যিক ঝুঁকিসমূহ

কোভিড-১৯, ইউরোপে ভূ-রাজনৈতিক অস্থিরতার প্রভাব, বৈদেশিক মুদ্রার অভাব, গ্যাস ও বিদ্যুৎ সংকট, এবং দেশের অর্থনৈতিক মন্দার কারণে কিছু ক্রেতাদের থেকে প্রাপ্য টাকা আদায়ের পরিমাণ অনিয়মিত হয়েছে। কিছু ক্রেতাদের পরিচালনা পর্ষদেও পরিবর্তন এসেছে। ফলে তাঁদের সাথে ভবিষ্যত লেনদেন নিয়ে অনিশ্চয়তা রয়েছে। তবে পাওনা আদায়ের যথাসাধ্য ব্যবস্থা চলছে। বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী গতবছরের ন্যায় ১% খেলাপি হওয়ার বিধান এই বছরেও রাখা হয়েছে। এছাড়াও অন্যান্য ঝুঁকিসমূহের বিস্তারিত ব্যাখ্যা আর্থিক বিবৃতির নোট নং ৪৩.০২-এ দেয়া হয়েছে।

১২.০ <u>পরিচালনা পর্ষদের অন্যান্য বিবৃতি</u>

As far as the knowledge of the Directors is concerned, they are also reporting that:

- The financial statements prepared by the Management of the Company present fairly its state of affairs, the result of its operations, cash flows, and changes in equity;
- Proper books of accounts of the Company have been maintained;
- Appropriate accounting policies have been consistently applied in preparation of the financial statements and that the accounting estimates are based on reasonable and prudent judgment;
- The financial statements have been prepared in accordance with International Accounting Standard (IAS) and International Financial Reporting Standards (IFRS), as applicable in Bangladesh;
- The internal control system is sound in design and has been effectively implemented and monitored.
- There is commitment to protect the interests of all shareholders, including the rights of the minority shareholders, while promoting integrity, transparency, and accountability;
- There is no doubt upon the Company's ability to continue as a going concern.

১৩.০ **Management's Discussion & Analysis**

Management's Discussion and Analysis (disclosed in Annexure-VI of this report), signed by the Managing Director, offers a detailed analysis of the Company's position and operations, including changes (if any) in financial statements.

১৪.০ **কর্পোরেট গভার্নেন্স এর শর্ত প্রতিপালন**

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন-এর ০৩-০৬-২০১৮ইং তারিখের নোটিফিকেশন নং-SEC/CMRRCD/2006-158/207/Admin/80-এর Annexure-C তে উল্লেখিত নির্দেশাবলীর, **যে সকল শর্ত কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য**, সবগুলো শর্ত প্রতিপালিত হয়েছে। Annexure-I-IX এর মধ্যে কোম্পানির কর্পোরেট গভার্নেন্স এর অবস্থান **উল্লেখ** করা হয়েছে।

১৫.০ <u>চলতি (২০২৪-২০২৫ইং) **অর্থবছরের অবস্থা** এবং পূর্বাভাস</u>

২০২৩-২০২৪ইং অর্থবছরের **১ম কোয়ার্টার থেকে** চলতি ২০২৪-২০২৫ইং অর্থবছরের ১ম কোয়ার্টার-এ **তুলনামূলক** বেশী লাভ **করেছে মূলত** ১লা অক্টোবর থেকে চুক্তিভিত্তিক উৎপাদনের **মাধ্যমে**। ২০২৩-২০২৪ইং অর্থবছরের জুলাই হতে সেপ্টেম্বর, এই ৩ মাসে উৎপাদন হয়েছিল ৩.৮৮ কোটি পিস্ এ্যাম্পুল ও নিট বিক্রয় হয়েছিল ৯.৩৮ **কোটি টাকা**। **বর্তমান** ২০২৪-২০২৫ইং অর্থবছরে একই সময় উৎপাদন হয়েছে ৪.১৬ কোটি পিস এ্যাম্পুল ও নিট বিক্রয় হয়েছে ১০.৩৭ কোটি টাকা, **যা গত বছরের তুলনায় যথাক্রমে** ৭.২২% ও ১০.৫৫% বেশী। **তবে আগামী বছর পর্যন্ত এর পূর্বাভাস** ইতিবাচক হবে কিনা, **তা নির্ভর করছে মূলত** নিরবচ্ছিন্ন গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ, **বৈদেশিক মুদ্রার হারের স্থিতিশীলতা**, ও রাজনৈতিক স্থিতিশীলতার উপর। **আগামী মাসগুলোতে উৎপাদন ও বিক্রয় বৃদ্ধির জন্য আপ্রান চেষ্টা করা হচ্ছে**। তাছাড়া **খুব শীঘ্রই উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা ও জমি ক্রয় করে** কারখানা সম্প্রসারণের কাজও **ক্রমাগতভাবে এগোচ্ছে**।

১৬.০ **Auditors' Opinion**

"Shareholding position of sponsors and directors is 23.58% of paid-up capital as on June 30, 2024 which falls short to the minimum required shareholding of 30% of paid-up capital as per BSEC Notification No. BSEC/CMRRCD/2009-193/217/Admin/90 dated 21st May 2019."

Company's Opinion

The Company's stance regarding the joint shareholding of 30% by sponsors & directors of the Company is similar to last year. In spite of giving to the invited investors the Company's share price trend during the past three years, it has become extremely difficult to find suitable and honest investors for directorship in the Company because none is interested to block huge amounts of money for a mere amount of dividend, rather they are more interested to make profit profits from short-term share trading. The existing directors and sponsors do not have much liquid fund available for purchasing shares. The Board has tried and is still trying all possible and practical avenues and also submitted proposals to BSEC for resolving this matter.

<u>উপসংহারঃ</u>

সম্মানিত সকল শেয়ারহোল্ডারবৃন্দ, ক্রেতাসমূহ, সংশ্লিষ্ট ব্যাংক, বিএসইসি ও ডিএসইসহ সকল স্তরের কর্মকর্তা-**কর্মচারী**-শ্রমিকবৃন্দ এবং কোম্পানির অন্যান্য সহযোগী প্রতিষ্ঠানসমূহের প্রতি **পরিচালকমন্ডলী আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা প্রকাশ করছেন।**

পরিচালকমন্ডলীর পক্ষে,

এম, এ, মাসুদ
চেয়ারম্যান